ভূমিকাং শ্রীহরিকথারুচিমুৎপাদয়ন্ তস্য গুণং স্মারয়তি—যদনুধ্যাসিনা যুক্তাঃ কর্ম্ম-গ্রন্থিনিবন্ধনম্। ছিন্দন্তি কোবিদাস্তস্য কো ন কুর্য্যাৎ কথারতিম্ ॥ ১০ ॥

"একেন" কর্ম্মাদি অনুষ্ঠানের আগ্রহশূন্য মনের দ্বারা। এস্থলে শ্রবণ বলিতে জ্ঞানাঙ্গসাধন শ্রবণ-মননাদি নহে, শ্রীভগবানের নাম, রূপ, গুণ, লীলা, পরিকর প্রভৃতির সম্বন্ধে বুঝিতে হইবে। কীর্ত্তন ও স্মরণের সেইরূপ অর্থ ই বুঝিতে হইবে। সেই ভক্তি অনুষ্ঠান প্রসঙ্গেই ভক্তির অন্তিমভূমিকা প্রীতিলক্ষণাভক্তির সুখসাধ্যত্ব ও সুখভাবত্ব বলিবার জন্য ধর্ম্মাদি অনুষ্ঠান কষ্টনিরপেক্ষ যুক্তিমাত্রের দ্বারা ভক্তির প্রথম ভূমিকা শ্রীহরিকথা রুচিটি উৎপাদন করিবার জন্য সেই ভক্তিযোগের গুণ একটি শ্লোকে বলিতেছেন—সংযতচিত্ত বিবেকীগণ অনবরত শ্রীভগবৎ ধ্যানরূপ খড়্গের দ্বারা নানাদেহে অহঙ্কাররূপ কর্ম্মগ্রন্থি ছেদন করিয়া থাকেন। কোন্‌জন সেই হরির কথাতে রতি অর্থাৎ রুচি না করিয়া থাকিতে পারে? ইতি শ্লোকার্থ ॥ ১০ ॥

কোবিদা বিবেকিনিঃ যুক্তাঃ সংযতচিত্তা, যস্যহরেঃ, অনুধ্যা অনুধ্যানং, চিন্তনমাত্রমেবাসিস্তেন খড়্গেন গ্রন্থিং নানাদেহেম্বহঙ্কারং নিবধ্নাতি যত্তৎকর্ম্মচ্ছিন্দন্তি। তস্যৈবংভূতস্য পরমদুঃখাদুদ্ধর্ত্তুঃ কথায়াং রতিং কো ন স্যূর্য্যাৎ। নন্বেবমপি তস্য কথারুচির্মন্দভাগ্যানাং ন জায়ত ইত্যাশঙ্ক তত্রৈাপায়ং বদন্ তামারভ্য নৈষ্ঠিকীপর্য্যন্তাং ভক্তিমুপদিশতি পঞ্চভিঃ—শুশ্রূষোঃ শ্রদ্দধানস্য বাসুদেবকথারুচিঃ। স্যান্মহৎসেবয়া বিপ্রাঃ পুণ্যতীর্থনিষেবণাৎ ॥ ১১ ॥

সৎ অসৎ বিচারে চতুর জন, "যুক্তা" ভক্ত্যঙ্গ অনুষ্ঠানে সংযতচিত্ত অর্থাৎ লয়বিক্ষেপাদিরহিত, "অনুধ্যানাসিনা" অনবরত ভগবচ্চিন্তা-খড়্গাদ্বারা, "কর্ম্ম-গ্রন্থি নিবন্ধনং" যে কর্ম্ম নানা দেহে অহঙ্কার উৎপাদন করে, এবম্ভুত কর্ম্ম-রাশিকে ছেদন করিয়া থাকে। এবম্ভূত কর্ম্ম-দুঃখ হইতে উদ্ধারকারী শ্রীহরির কথাতে কোন্‌জন রতি না করিয়া থাকিতে পারে? এইরূপ সিদ্ধান্ত করা হইলেও একটি প্রশ্ন উঠিতে পারে যে—মন্দভাগ্য জনগণের সেই পরমকারুণিক হরির কথাতে রুচি জন্মে না—এইরূপ আশঙ্কা করিয়া সেই রুচিলাভের উপায়টি বলিতে বলিতে হরিকথা রুচি হইতে আরম্ভ করিয়া পাঁচটি শ্লোকে নৈষ্ঠিকীভক্তি পর্য্যন্ত উপদেশ করিতেছেন। "হে বিপ্রগণ! পবিত্র তীর্থের নিষেবণ হইতে প্রায়শঃ মহাপুরুষগণের সেবা করিবার সৌভাগ্য উপস্থিত হয়, সেই সেবা হইতে হরিকথায় শ্রদ্ধাযুক্ত শ্রবণেচ্ছুজনের বাসুদেবকথায় রুচির উৎপত্তি হইয়া থাকে। ইতি শ্লোকার্থ ॥ ১১ ॥

ভুবি পুরুপুণ্যতীর্থসদনান্যৃষয়ো বিমদা ইত্যাদ্যনুসারেণ প্রায়স্তত্রমহৎসঙ্গো ভবতীতি তদীয়টীকানুমত্যা চ পুণ্যতীর্থনিষেবণাদ্ধেতোর্লব্ধা যদৃচ্ছয়া যা মহৎসেবা তয়া বাসুদেব-কথারুচিঃ স্যাৎ। কার্য্যান্তরেণাপি তীর্থে ভ্রমতো মহতাং প্রায়স্তত্রভ্রমতাং তিষ্ঠতাং